

291027 - যে নারী নির্দিষ্ট কোন সময়ে কোন একটি কাজ করার শপথ করেছে কিন্তু কাজটি করেনি তার উপর কী আবশ্যিক?

প্রশ্ন

আমি গত রমযান মাসে রোযা অবস্থায় উমরা করার শপথ করেছি। কিন্তু আমার তাকদীরে উমরা করা ছিল না। এমতাবস্থায় আমাকে কি তিনদিন রোযা রাখতে হবে; নাকি নয়?

প্রিয় উত্তর

যদি আপনি রমযান মাসে উমরা পালন করার শপথ করে থাকেন, এরপর রমযান মাস পার হয়ে যায় কিন্তু আপনি উমরা না করেন তাহলে আপনি শপথ ভঙ্গ করলেন এবং আপনার উপর কাফ্ফারা অনিবার্য হবে।

ইবনে কুদামা (রহঃ) বলেন: "যদি কোন কাজ করার শপথ হয় এবং কাজটি না করে; আর উক্ত শপথটি কথা, নিয়ত কিংবা অবস্থার ইঙ্গিতের ভিত্তিতে নির্দিষ্ট সময়কেন্দ্রিক হয় এবং উক্ত সময়টি পার হয়ে যায় তাহলে সে ব্যক্তি শপথ ভঙ্গ করল এবং সে কাফ্ফারা পরিশোধ করবে।"[আল-মুগনি (৯/৪৯৪)]

কাফ্ফারা ছাড়া অন্য কিছু আপনার উপর বর্তাবে না।

কাফ্ফারা হচ্ছে: একজন গোলাম আযাদ করা, কিংবা দশজন মিসকীনকে খাদ্য খাওয়ানো কিংবা তাদেরকে বস্ত্র দান করা। যে ব্যক্তি উল্লেখিত কোনটি করতে সক্ষম হবে না সে তিনদিন রোযা রাখবে। আল্লাহ তাআলা বলেন: “তোমাদের অনর্থক শপথের জন্য আল্লাহ তোমাদেরকে পাকড়াও করবেন না, কিন্তু, যেসব শপথ তোমরা ইচ্ছে করে কর সেগুলোর জন্য তিনি তোমাদেরকে পাকড়াও করবেন। তারপর এর কাফ্ফারা দশজন দরিদ্রকে মধ্যম ধরনের খাদ্য দান, যা তোমরা তোমাদের পরিজনদেরকে খেতে দাও, বা তাদেরকে বস্ত্রদান, কিংবা একজন দাস মুক্তি। অতঃপর যার সামর্থ্য নেই তার জন্য তিন দিন সিয়াম পালন। তোমরা শপথ করলে এটাই তোমাদের শপথের কাফ্ফারা। আর তোমরা তোমাদের শপথ রক্ষা করো। এভাবে আল্লাহ তোমাদের জন্য তাঁর আয়াতসমূহ বর্ণনা করেন, যাতে তোমরা শোকর আদায় কর” [সূরা মায়িদা, আয়াত: ৮৯]

আরও জানতে দেখুন: [45676](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই সর্বজ্ঞ।